আম্মার ইবন ইয়াসিরকে আমি ওযূ করতে দেখেছি, তিনি তা দাড়ি খেলাল করলেন। তখন তাকে বলা হল বা তিনি বললেন, আমি তাকে বললাম আপনি আপনার দাড়ি খিলাল করলেন? তিনি বললেন, কেন করব না? আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তার দাড়ি খিলাল করতে দেখিছি।

হাস্সান ইবন বিলাল থেকে বর্ণিত, তিনি বলেন, আম্মার ইবন ইয়াসিরকে আমি ওযূ করতে দেখেছি, তিনি তা দাড়ি খেলাল করলেন। তখন তাকে বলা হল বা তিনি বললেন, আমি তাকে বললাম আপনি আপনার দাড়ি খিলাল করলেন? তিনি বললেন, “কেন করব না? আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তার দাড়ি খিলাল করতে দেখিছি”।
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

হাস্সান ইবন বিলাল আম্মার ইবন ইয়াসিরকে ওযূতে তার দাড়ি খেলাল করতে দেখেন। তিনি তাকে ওযূতে দাড়ি খেলার করা সম্পর্কে জিজ্ঞাসা করলেন। তিনি আম্মার ইবনে ইয়াসারকে এরূপ করতে দেখে যেন আশ্চর্য হলেন যা তিনি ইতিপূর্বে জানতেন না। “কেন করব না?” আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তার দাড়ি খিলাল করতে দেখেছি। আম্মার রাদিয়াল্লাহু আনহু তাকে উত্তর দিলেন এখানে এমন কিছু নাই যা দাড়ি খেলাল করতে বাধা দিবে। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এরূপ করতে দেখেছি। দাড়ি খেলাল করার দুটি পদ্ধতি: এক, এক কোষ পানি নিবে এবং তা দাড়ির নিচে দিয়ে প্রবেশ করাবে যাতে খেলাল হয়ে যায়। দুই- এক কোষ পানি নিবে এবং দাড়িকে আঙ্গুল দিয়ে চিরনীর মতো খেলাল করবে।

https://sunnah.global/hadeeth/bn/show/8379